



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

২২/১১/২০২৩

স্মারক নং- পরী/গো./এইচএসসি/২০২৩/০০৮৬

তারিখ : ২২/১১/২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির স্মারক নং-আশিবো/প্রশাঃ/২০১০/১১৯ তারিখঃ ২০/১১/২০২৩ খ্রি. মোতাবেক কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সনের উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল আগামী ২৬/১১/২০২৩ খ্রি. তারিখ প্রকাশ করা হবে। সংশ্লিষ্ট সকলকে ঐ দিন বেলা ১১.০০ টা হতে নিম্নবর্ণিত উপায়ে ফল সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

১. বোর্ড হতে পরীক্ষার ফলের কোন হার্ডকপি সরবরাহ করা হবে না। কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইট:

www.comillaboard.gov.bd এ ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN এন্ট্রি করে স্ব স্ব প্রতিষ্ঠান **Result Sheet download/Print** করতে পারবে।

২. mail.educationboard.gov.bd ওয়েবসাইটে গিয়ে কুমিল্লা বোর্ড সিলেক্ট করে প্রতিষ্ঠানের EIIN

এর মাধ্যমে প্রতিষ্ঠান ভিত্তিক **Result sheet download/Print** করতে পারবে।

৩. পরীক্ষার্থীগণ সমন্বিত শিক্ষাবোর্ড সমূহের ওয়েবসাইট: www.educationboardresults.gov.bd এবং সংশ্লিষ্ট বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে পরীক্ষার ফল সংগ্রহ করতে পারবে।

৪. যে কোন মোবাইল নম্বর হতে **HSC<>Board Name (first 3 letters) <>Roll<>Year** লিখে **SEND to 16222** এ SMS এর মাধ্যমে ফল জানা যাবে।

(উদাহরণ: **HSC<>Com <>151419<>2022** লিখে **SEND to 16222**)

৫. পুনঃনিরীক্ষণের জন্য SMS এর মাধ্যমে ২৭ নভেম্বর'২০২৩ থেকে ০৩ ডিসেম্বর'২০২৩ পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে। আবেদন, পদ্ধতি টেলিটক বাংলাদেশ লি, প্রদত্ত বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যাবে।

৬. উল্লেখ্য শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষাবোর্ড বা পত্রিকা অফিসে পরীক্ষার ফল পাওয়া যাবে না বা প্রকাশিত হবে না।

(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬১৭২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (ক্রম জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৪. জেলা প্রশাসক, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, ফেনী ও লক্ষ্মীপুর
৫. এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার
৬. সংরক্ষণ নথি